রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/১৮ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৮০-/আইন/আয়কর/২০২০।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের লক্ষ্যে ১৮ মার্চ, ২০২০ তারিখ দেশি-বিদেশি শিল্পী ও কলাকুশলীদের অংশগ্রহণে Crieket Celebrates Mujib 100 অনুষ্ঠান এবং ২১ ও ২২ মার্চ, ২০২০ তারিখ Asian All Star XI বনাম Rest of the World XI এর অংশগ্রহণে MUJIB 100 T20 Cup Bangladesh 2020 আয়োজনের জন্য নিম্নে উল্লিখিত ক্ষেত্রসমূহের উপর আরোপণীয় সকল প্রকার আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

(ক) অংশগ্রহণকারী বিদেশি খেলোয়াড়, কর্মকর্তা, শিল্পী ও কলাকুশলীদের ফি, পারিশ্রমিক, যাতায়াত খরচসহ অন্যান্য খরচের উপর আরোপণীয় সকল প্রকার আয়কর;

(খ) অনুষ্ঠানে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠানের জন্য বিদেশ হইতে আমদানিতব্য বিভিন্ন যন্ত্রপাতি, সাউন্ড সিস্টেমস্, লাইট, LED স্ক্রিন, স্টেজ নির্মাণ সামগ্রী ও Fireworks Display (আতশবাজী) সামগ্রীর উপর আরোপণীয় উৎসে আয়কর;

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) অনুষ্ঠানটি টেলিভিশনে দেশে-বিদেশে সরাসরি সম্প্রচারের লক্ষে M/s. Real Impact Pvt. Ltd., India কে চুক্তি অনুযায়ী বিসিবি কর্তৃক প্রদেয় ৩,৬০,০০০ (তিন লক্ষ ষাট হাজার) মার্কিন ডলারের প্রযোজ্য আয়কর; এবং

(ঘ) বাংলাদেশ ক্রিকেট বোর্ড কর্তৃক আমদানিতব্য টুর্নামেন্ট ট্রফি ও রেপলিকা ট্রফির উপর আরোপণীয় উৎসে আয়কর।

শর্ত

কর অব্যাহতিপ্রাপ্ত অর্থ দেশের ক্রিকেটের সামগ্রিক উন্নয়ন কার্যক্রমে ব্যয় করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com